সম্পূরক পুষ্টি সহায়তা প্রকল্প (Supplemental Nutrition Assistance Program, SNAP) নথি নির্দেশিকা (COVID-19) (Bengali)

SNAP সুবিধাগুলির জন্য আমরা যাতে আপনার যোগ্যতা নির্ধারণ করতে পারি এই কারণে, নিচে তালিকাবদ্ধ SNAP যোগ্যতার বিষয়গুলির প্রমাণ আপনার আমাদেরকে দেওয়া প্রয়োজন। আপনার SNAP যোগ্যতা এবং সুবিধার পরিমাণ নির্ধারণ করতে আমাদের যে প্রমাণ প্রয়োজন তা আমাদেরকে দিতে প্রস্তাবিত ডকুমেন্টেশন এবং এই নির্দেশিকার উপযোগী পরামর্শ আপনাকে সাহায্য করবে।

যদি আমরা নির্ধারণ করি যে আপনি দ্রুত প্রক্রিয়াকরণের বিধি অনুসারে SNAP-এর যোগ্য, তাহলে আপনি কেবলমাত্র আপনার পরিচয় যাচাই করলেই আমরা আপনাকে সুবিধাগুলি জারি করতে পারি। তবে, আমরা আপনাকে আরও বেশি SNAP সুবিধাগুলি দিতে পারার আগে আপনাকে অবশ্যই আপনার ও পরিবারের অন্য কোনও সদস্যের জন্য অন্যান্য যোগ্যতার মাপদণ্ড যাচাই করতে হবে।

আপনি ডাকযোগে বা ফ্যাক্সের মাধ্যমে SNAP-এর সুবিধাগুলির জন্য আবেদন করলে অনুগ্রহ করে যত দ্রুত সম্ভব আপনার SNAP-এর যোগ্যতা নির্ধারণ করতে আমাদের সাহায্য করার জন্য আপনার নথির কপিগুলি পাঠান।

যোগ্যতার মাপকাঠি	সুপারিশকৃত নথি	সহায়ক পরামর্শ
পরিচয় সুবিধার জন্য আবেদন করা বা তালিকাবদ্ধ থাকা ব্যক্তির জন্য অবশ্যই প্রতিষ্ঠিত এবং নথিবদ্ধ হতে হবে।	• সচিত্র পরিচয় পত্র, ড্রাইভার্স লাইসেন্স • মার্কিন যুক্তরাষ্ট্রের পাসপোর্ট • নাগরিকত্বের শংসাপত্র • হাসপাতাল/চিকিৎসকের রেকর্ড • দত্তক গ্রহণের কাগজপত্র • জন্মের শংসাপত্র • ব্যাপটিস্ট হওয়ার শংসাপত্র • ভোটার রেজিস্ট্রেশন কার্ড • যাচাইকৃত সোশ্যাল সিকিউরিটি নম্বর	এই নথির যে কোনও একটি যাতে ব্যক্তির জন্ম তারিখ উল্লেখ করা আছে সেটিকেও **বয়স** যাচাই করার জন্য ব্যবহার করা যেতে পারে। এছাড়া, আমরা আপনার কাছে কোনও প্রমাণ চাইলে, নাগরিকত্ব যাচাই করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের পাসপোর্ট বা নাগরিকত্বের শংসাপত্র ব্যবহার করা যেতে পারে।
বাসস্থান অবশ্যই প্রমাণ করতে হবে যে SNAP সুবিধার জন্য আবেদনকারী ব্যক্তি আবেদনপত্রে উল্লিখিত ঠিকানাটিতে বসবাস করেন।	• বর্তমান লিজ • বর্তমান ভাড়ার রসিদে ভাড়াটের নাম ও ঠিকানা আছে • বাড়ির মালিক বা প্রাথমিক ভাড়াটের বিবৃতি • মর্টগেজের রেকর্ড • স্কুলের রেকর্ড (গত বছরের এমন কোনও জিনিস হতে পারে যাতে শিশুর নাম এবং ঠিকানা লেখা আছে)	যদি বাড়ির মালিক বা প্রাথমিক ভাড়াটের বিবৃতিতে পরিবারের সকল সদস্যের নাম থাকে তাহলে এটিকে **পরিবারের সদস্য সংখ্যা** নথিবদ্ধ করতে ব্যবহার করা যেতে পারে।
পরিবারের আকার পরিবারে কতজন মানুষ রয়েছেন তার যাচাইকরণটি অবশ্যই প্রদান করতে হবে।	• অনাত্মীয় বাড়িওয়ালার বিবৃতি • কমিউনিটি সংগঠনের বিবৃতি • পরিবারের সদস্য নন এমন ব্যক্তির বিবৃতি • এমন ব্যক্তির বিবৃতি যার সাথে আপনি বসবাস করেন কিন্তু তার সাথে মিলে আপনি আবেদন করছেন না	বিবৃতিতে পরিবারের সমস্ত ব্যক্তির নাম থাকতে হবে এবং **বাসস্থানের** প্রমাণ দিতেও ব্যবহার করা যেতে পারে।
বয়স SNAP-এর সুবিধার জন্য আবেদনকারী <u>সকলের</u> জন্য বয়সের যাচাইকরণ প্রদান করা আবশ্যক	• জন্মের শংসাপত্র • ব্যাপটিস্ট হওয়ার শংসাপত্র • জন্ম তারিখ থাকা স্কুল আইডি • IDNYC (14 এবং তার বেশি)	জন্মের শংসাপত্র **পরিচয় নাগরিকত্বের স্থিতি** স্থাপনের জন্য ব্যবহার করা যেতে পারে।
সোশ্যাল সিকিউরিটি নম্বর আপনার পরিবারের যে সকল ব্যক্তি SNAP সুবিধার জন্য আবেদন করেছেন তাদের <u>প্রত্যেককে</u> সোশ্যাল সিকিউরিটি নম্বর (বা কারও হয়ে আবেদন করার প্রামণ) অবশ্যই দিতে হবে।	• সোশ্যাল সিকিউরিটি কার্ড • সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন (Social Security Administration, SSA) থেকে আনুষ্ঠানিক চিঠিপত্র	যদি আপনি আমাদেরকে আপনার পরিবারের প্রত্যেক সদস্যের জন্য সোশ্যাল সিকিউরিটি নম্বর দিয়ে থাকেন তবে আপনাকে সোশ্যাল সিকিউরিটি কার্ড দিতে হবে না।

(পরের পাতায় যান)

সম্পূরক পুষ্টি সহায়তা প্রকল্প (Supplemental Nutrition Assistance Program, SNAP) নথি নির্দেশিকা (COVID-19)

যোগ্যতার মাপকাঠি	সুপারিশকৃত নথি	সহায়ক পরামর্শ
নাগরিকত্ব যদি নাগরিকত্ব নিয়ে প্রশ্ন ওঠে তবে অবশ্যই তা নথিবদ্ধ করতে হবে।	• জন্মের শংসাপত্র • হাসপাতালের রেকর্ড • মার্কিন যুক্তরাষ্ট্রের পাসপোর্ট • সামরিক সেবার রেকর্ড • নাগরিকত্বের শংসাপত্র	**পরিচয়** এবং **বয়স** প্রমাণ করার জন্য জন্মের শংসাপত্র, হাসপাতালের রেকর্ড, মার্কিন যুক্তরাষ্ট্রের পাসপোর্ট এবং নাগরিকত্বের শংসাপত্রও ব্যবহার করা যেতে পারে।
অভিবাসনের স্থিতি SNAP সুবিধাগুলির জন্য আবেদন করা অনাগরিকদের জন্য অভিবাসনে স্থিতি অবশ্যই নথিবদ্ধ করতে হবে।	• USCIS নথি (যেমন, গ্রিন কার্ড, স্ট্যাম্প করা ভিসা) • 1/1/72 তারিখের আগে মার্কিন যুক্তরাষ্ট্রে অবিচ্ছিন্নভাবে বসবাসের প্রমাণ	
উপার্জন করা আয় যদি পরিবারের কোনওকর্মরত সদস্য SNAP সুবিধার জন্য আবেদন করেন তাহলে কর পূর্ব উপার্জন (কোনও কিছু কেটে নেওয়া আগে), ফ্রিকোয়েন্সি এবং মোট কত ঘন্টা কাজ করেছেন তা অবশ্যই নথিভুক্ত করতে হবে।	• বর্তমান বেতনের স্টাব • বেতনের খাম • নিয়োগকর্তার থেকে পাওয়া এমন চিঠি যাতে কর পূর্ব উপার্জন, ফ্রিকোয়েন্সি এবং কত ঘন্টা কাজ করেছে তা উল্লেখ করা আছে • বর্তমান আয়করের রিটার্ন • যদি স্ব-নিযুক্ত হন তাহলে আয় ও ব্যয় বিষয়ক নথি এবং সম্পর্কিত উপাদান • যদি নিয়োগকর্তা/কাজের জায়গা বন্ধ থাকে তাহলে আপনার পূর্বতন নিয়োগকর্তা/কাজের জায়গার যোগাযোগ তথ্য সহ আপনার থেকে স্বাক্ষর করা বিবৃতি	আপনি গত 30 দিনে যা উপার্জন করেছেন তা অবশ্যই যাচাই করা উচিত। আপনি যদি সম্প্রতি আপনার কাজ হারিয়ে থাকেন তাহলে আপনাকে আয়ের প্রমাণ দিতে হবে না।
অনুপার্জিত আয় যদি পরিবারের এমন কোনও সদস্য SNAP সুবিধার জন্য আবেদন করে থাকেন যিনি অনুপার্জিত আয়ের তালিকাতে আছেন আয়ের ধরন, ফ্রিকোয়েন্সি এবং অবশ্যই নথিভুক্ত করতে হবে।	• বর্তমান অ্যাওয়ার্ড চিঠি • SSA থেকে আসা আনুষ্ঠানিক চিঠিপত্র • আনুষ্ঠানিক চিঠিপত্র ভেটারেন্স অ্যাডমিনিস্ট্রেশন থেকে আসা • বর্তমানে সুবিধার চেক বা স্টাব • ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নের বিবৃতি • ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নের অনলাইন বিবৃতির স্ক্রিনশট বা ছবি • সহায়তা প্রদানকারী ব্যক্তির বিবৃতি • বেকার ভাতার সুবিধা (Unemployment Insurance Benefit, UIB)-এর বিবৃতি • শ্রম দপ্তরের ওয়েবসাইট থেকে পাওয়া UIB বিবৃতির স্ক্রিনশট বা ছবি	যদি আপনি অথবা আপনার পরিবারের কেউ পরিপূরক সুরক্ষা আয়ের (Supplemental Security Income, SSI) প্রাপ্তিতে থাকেন তবে SSI-এর কোনও যাচাইকরণের প্রয়োজন হবে না। আপনি যদি সম্প্রতি আপনার কাজ হারিয়ে থাকেন এবং এখনও পর্যন্ত UIB-এর জন্য অনুমোদন না পেয়ে থাকেন তাহলে আপনাকে বেকার ভাতার আয়ের প্রমাণ জমা করতে হবে না।

(পরের পাতায় যান)

সম্পূরক পুষ্টি সহায়তা প্রকল্প (Supplemental Nutrition Assistance Program, SNAP) নথি নির্দেশিকা (COVID-19)

যোগ্যতার মাপকাঠি	সুপারিশকৃত নথি	সহায়ক পরামর্শ
সংস্থানসমূহ SNAP-এর সুবিধাগুলির জন্য আবেদন করা বেশির ভাগ পরিবারের যোগ্যতাকে সংস্থানগুলি প্রভাবিত করে না। তবে, আপনি আপনার SNAP-এর আবেদন প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য যোগ্য কিনা তা নির্ধারণ করতে কিছু সংস্থানের তথ্য ব্যবহৃত হয়।	• ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়নের বর্তমান রেকর্ড • স্টক/বন্ডের শংসাপত্র • আর্থিক প্রতিষ্ঠানের বিবৃতি • কবর দেওয়ার জায়গার চুক্তি বা দলিল • সম্পত্তির দলিল এবং/অথবা অ্যাপ্রাইজাল • জীবন বিমা • যানবাহন নিবন্ধন/শীর্ষক • অনলাইন ব্যাঙ্ক বিবৃতির স্ক্রিনশট বা ছবি	আপনার যদি সংস্থান থাকে এবং সেগুলি আপনাকে যাচাই করতে হবে কিনা সেই বিষয়ে আপনি নিশ্চিত না হন তাহলে যাচাইকরণ প্রদান করুন। আপনার সংস্থানগুলি যাচাই করার প্রয়োজন হলে যোগ্যতা বিষয়ক সিদ্ধান্ত নিতে আমাদের অপেক্ষা করতে হবে না।
প্রতিবন্ধী/ অক্ষম	• বর্তমান SSA/SSI সুবিধার বিবৃতি • চিকিৎসক বা চিকিৎসা পেশাদারের থেকে পাওয়া তারিখ সহ স্বাক্ষরিত চিঠির সাথে যোগাযোগের একটি ফোন নম্বর	SNAP-এর জন্য আবেদনকারী কোনও ব্যক্তি যদি প্রতিবন্ধী বা অক্ষম হন তাহলে আপনাকে নথি জমা করতে হবে।

(পরের পাতায় যান)

সম্পূরক পুষ্টি সহায়তা প্রকল্প (Supplemental Nutrition Assistance Program, SNAP) নথি নির্দেশিকা (COVID-19)

আপনার SNAP যোগ্যতা বা সুবিধার পরিমাণকে প্রভাবিত করতে পারে এমন ব্যয়

যদি আপনার নীচে তালিকাবদ্ধ ব্যয়গুলির কোনও একটি হয়ে থাকে তাহলে আপনার সেই ব্যয়ের যাচাইকরণ আমাদের দেওয়া গুরুত্বপূর্ণ। কিছু ক্ষেত্রে ব্যয়টি আপনাকে SNAP সুবিধাগুলি পাওয়ার জন্য আর্থিকভাবে যোগ্য করে তুলতে পারে এবং অন্য অনেক ক্ষেত্রে এটির অর্থ হল আপনি আরও SNAP সুবিধা পাবেন।

যোগ্যতার মাপকাঠি	সুপারিশকৃত নথি	সহায়ক পরামর্শ
চিকিৎসার বিল এটি কেবলমাত্র সেই প্রবীণ বা প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য যারা এই ব্যয়টি করেছেন।	• চিকিৎসার বিলগুলির কপি (পেমেন্ট করা হয়েছে এবং পেমেন্ট করা হয়নি) • প্রদানকারীর স্বাস্থ্য বিমা প্রিমিয়াম বিবৃতি • Medicare প্রেসক্রিপশন ড্রাগ কার্ড	এটি সেই চিকিৎসা সম্পর্কিত ব্যয়গুলিকে বোঝায় যা ব্যক্তিদেরকে নিজের পকেট থেকে বহন করতে হয়। পেমেন্ট করা হয়েছে বা পরিবারে সদস্য নন এমন কোনও ব্যক্তি পেমেন্ট করবেন এমন বিলের জন্য নথি অন্তর্ভুক্ত করবেন না।
নির্ভরশীল ব্যক্তির পরিচর্যার খরচ/ অন্যান্য খরচ	• আদালতের আদেশ • ডে কেয়ার সেন্টার বা অন্যান্য শিশু পরিচর্যা প্রদানকারীর বিবৃতি • সহায়ক বা পরিচারকের বিবৃতি • বাতিল হওয়া চেক বা রসিদ	